

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩

১/ পবিত্রতা রাসূলুল্লাহ ্রুল্লি হতে (ৣর্লি আ الله عن رسول الله পরিচ্ছেদঃ ৯. দাঁডিয়ে পেশাব করার অন্মতি সম্পর্কে

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنِ الْأَعْمُشِ، عَنْ أَبِي وَائِل، عَنْ حُنَيْفَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم أَتَى سُبَاطَة قَوْمٍ فَبَالَ عَلَيْهَا قَائِمًا فَأَتَيْتُهُ بِوَضُوءٍ فَذَهَبْتُ لأَتَأْخَرَ عَنْهُ فَدَعَانِي حَتَّى كُنْتُ عِنْدَ عَقِبَيْهِ فَتَوَضَّنَا وَمَسَحَ عَلَى خُفَيْهِ . قَالَ أَبُو عِيسَى وَسَمِعْتُ الْجَارُودَ يَقُولُ سَمِعْتُ وَكِيعًا يُحَدِّثُ بِهِذَا الْحَدِيثِ عَنِ الأَعْمَشِ . ثُمَّ قَالَ وَكِيعٌ هَذَا أَصَحُ حَدِيثِ يَقُولُ سَمِعْتُ وَكِيعًا يُحَدِّثُ بِهِذَا الْحَدِيثِ عَنِ الأَعْمَشِ . وَسَمِعْتُ أَبًا عَمَّارٍ الْحُسَيْنَ بْنَ حُرِيثٍ حَرِيثٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي الْمَسْحِ . وَسَمِعْتُ أَبًا عَمَّارٍ الْحُسَيْنَ بْنَ حُرَيْفَةَ مِثْلَ رَوْايَةِ الأَعْمَشِ . وَرَوَى حَمَّادُ بْنُ أَبِي سُلَيْمَانَ وَعَاصِمُ بْنُ بَهْدَلَةَ عَنْ أَبِي وَائِلِ عَنْ حُذَيْفَةَ مِثْلَ رَوَايَةِ الأَعْمَشِ . وَرَوَى حَمَّادُ بْنُ أَبِي سُلَيْمَانَ وَعَاصِمُ بْنُ بَهْدَلَةَ عَنْ أَبِي وَائِلِ عَنِ حُدَيْفَةَ مَثْلَ رَوَايَةِ الأَعْمَشِ . وَرَوَى حَمَّادُ بْنُ أَبِي سُلَيْمَانَ وَعَاصِمُ بْنُ بَهْدَلَةَ عَنْ أَبِي وَائِلِ عَنْ حُدَيْفَةَ مَثْلَ رَوَايَةِ الأَعْمَشِ . وَرَوَى حَمَّادُ بْنُ أَبِي سُلَيْمَانَ وَعَاصِمُ بْنُ بَهْدَلَةَ عَنْ أَبِي وَائِلِ عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَعَاسِمُ بْنُ بَهْدَلَةَ بَنِ عَمْ النَّبِيِ صلى الله عليه وسلم وَحَدِيثُ أَبُو وَيَا يَعْمُ النَّخِعِيُّ . وَعَبِيدَةُ أَنْ وَعَلَى أَسُلَمْتُ قَبْلُ وَفَاةِ النَّبِيِ صلى الله عليه وسلم بِسَنَتَيْنِ وَعُبَيْدَةُ الضَّبِيُّ صَلَيْ الله عليه وسلم بِسَنَتَيْنِ . وَعُبِيدَةُ الضَّبِيُّ صَلَوبَ إِلْكَرِيمٍ . وَعُبِيدَةً أَنَّهُ قَالَ أَسْلَمْتُ قَبْلُ وَفَاةِ النَّبِيِّ صلى الله عليه وسلم بِسَنَتَيْنِ . وَعُبِيدَةُ الضَّبِّيُ وَيُكْنَى أَبًا عَبْدِ الْكَرِيمِ . وَعُبَيْدَةُ الضَيِّيُ وَيُكْنَى أَبًا عَبْدِ الْكَرِيمِ .

বাংলা

১৩। হুযাইফা (রাঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক সম্প্রদায়ের আবর্জনা রাখার স্থানে আসন এবং সেখানে দাঁড়িয়ে পেশাব করেন। অতঃপর আমি তার জন্য পানি আনি। আমি অপেক্ষা করার জন্য একটু দূরে সরে দাঁড়াই। তিনি আমাকে ডাকলেন এবং আমি এসে তার পায়ের সামনে দাঁড়ালাম। তিনি ওযুকরলেন এবং মোজার উপর মসিহ করলেন। সহীহ। ইবনু মাজাহ– (৩০৫)।

আবু ঈসা বলেনঃ আমি জারুদকে বলতে শুনেছি, তিনি বলেনঃ আমি ওয়াকী'কে এই হাদীস বর্ণনা করতে শুনেছি আমাশ হতে। অতঃপর ওয়াকী' বলেন, এটাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে মাসিহ'র ক্ষেত্রে বর্ণিত



সর্বাধিক সহীহ হাদীস। আবু আম্মার হুসাইন ইবনু হুরাইসকেও অনুরূপ কথা বলতে শুনেছি। আবু ঈসা বলেনঃ হুযাইফার সূত্রে আবু ওয়ায়েল হতে মানসূর এবং উবাইদা আযবাববী ও আ'মাশের বর্ণনায় অনুরূপ বর্ণনা করেছেন এবং মুগীরা ইবনু শু'বার সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে আবু ওয়াইলের বরাতে হাম্মাদ ইবনু সুলাইমান এবং আসিম ইবনু বুহদালাহ বর্ণনা করেছেন। হুযাইফার সূত্রে আবু ওয়াইলের হাদীস অধিকতর সহীহ্। কিছু বিদ্বান ব্যক্তি দাঁড়িয়ে প্রস্রাব করার অনুমতি দিয়েছেন।

আবু ঈসা বলেনঃ উবাইদাহ ইবনু আমর আসসালমানী হতে ইবরাহীম নাখয়ী হাদীস বর্ণনা করেছেন। উবাইদাহ উচু স্তরের তাবেয়ীদের অন্তর্ভুক্ত। উবাইদাহ হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মৃত্যুর দুই বছর পূর্বে ইসলাম গ্রহণ করেছি। উবাইদাহ ইবনু মুয়াত্তিব আযবাব্বী, তার উপনাম আবুল করীম।

English

Hudhaifah narrated:

"Allah's Messenger came to a waste area used by people, so he urinated on it while standing. I brought him the (water for) Wudu. Then I left to be away from him, but he called me until I was behind him. So he performed Wudu and wiped (Masaba) over his Khuff."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন